চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২০ জুন ২০১৭ খ্রি.

সম্প্রতি চট্টগ্রাম নগরীর ২৬ নং উত্তর হালিশহর, ১১ দক্ষিণ কাট্টলী ও ৯ নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডে টর্ণেডোর আঘাতে ক্ষতিগ্রস্থ ৬৪৮ পরিবারকে পূণর্বাসন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সম্প্রতি চট্টগ্রাম নগরীর ২৬ নং উত্তর হালিশহর, ১১ দক্ষিণ কাট্টলী ও ৯ নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডে টর্ণেডোর আঘাতে ক্ষতিগ্রস্ত ৬৪৮ পরিবারকে পূণর্বাসন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন টর্ণেডোর আঘাতে ক্ষতিগ্রস্থ প্রতি পরিবারকে ৫ হাজার টাকা করে মোট ৩৫ লক্ষ টাকা অনুদান দেয়ার অনুমোদন দিয়েছে। ইতোপূর্বে এ ধরনের অনুদান দেয়ার কোন নজির চট্টগ্রাম সিটি কর্পোরেশনে নেই। মেয়র টর্ণেডোয় ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহায়তার জন্য বিত্তশালীদের এগিয়ে আসার আহবান জানান।

২০ জুন ২০১৭ খ্রি.

দূর্যোগ কবলিত রাঙ্গামাটি এলাকায় বিদ্যুৎ সরবরাহের লক্ষে সিটি কর্পোরেশনের জেনারেটর সহায়তা

সম্প্রতি প্রবল বর্ষনে পাহাড় ধসের কারনে ক্ষতিগ্রস্ত নাগরিকদের আলোকবাতি এবং উদ্ধার অভিযান পরিচালনার সুবিধার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কাপ্তাই থেকে ক্ষতিগ্রস্ত এলাকায় বিদ্যুৎ সংযোগ স্থাপনের লক্ষে গত ১৫ জুন কাপ্তাই জেনারেটর প্রেরন করে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের নির্দেশক্রমে চসিক এ সহায়তা প্রদান করেছে।

২০ জুন ২০১৭ খ্রি.

বকেয়া পৌরকর বাবদ সরকারী হাজী মোহাম্মদ মহসিন কলেজ চসিককে ১২ লক্ষ ৩৩ হাজার ৮ শত ২৯ টাকা প্রদান

চট্টগ্রাম নগরীর গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান সরকারী হাজী মোহাম্মদ মহসিন কলেজ এর নিকট চট্টগ্রাম সিটি কর্পোরেশন পৌরকর বাবদ দীর্ঘ দিন যাবত বকেয়া টাকা পাওনা ছিল। ২০ জুন ২০১৭ খ্রি. দীর্ঘদিন যাবত বকেয়া পৌরকর বাবদ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের নিকট তাঁর দপ্তরে সরকারী হাজী মোহাম্মদ মহসিন কলেজ কর্তৃপক্ষ ১২ লক্ষ ৩৩ হাজার ৮ শত ২৯ টাকার চেক হস্তান্তর করেন। এসময় চসিক এর প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, নির্বাহী ম্যাজিষ্ট্রেট সনজিদা শরমিন, কর কর্মকর্তা মো. কামরুল ইসলাম চৌধুরী, উপ কর কর্মকর্তা মো. নাছির উদ্দিন চৌধুরীর উপস্থিত ছিলেন।

২০ জুন ২০১৭ খ্রি.

যিনি নিজ ভাগ্য পবির্তনের জন্য আন্তরিক নন, তার ভাগ্য কেউ পরিবর্তন করতে পারবেনা। স্বেচ্ছাসেবী সংগঠন তারুন্যের ঈদ সামগ্রী ও ঈদ বস্ত্র বিতরন অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, যিনি নিজ ভাগ্য পবির্তনের জন্য আন্তরিক নন তার ভাগ্য কেউ পরিবর্তন করতে পারবেনা। আজ যারা অসহায় বা নিঃস্ব তাদেরকে ভাগ্য পরিবর্তনের জন্য পরিশ্রমি হতে হবে এবং তাদের সন্তানদের মানুষ হিসেবে গড়ে তুলে কর্ম সংস্থানের সুযোগ পাওয়ার উপযুক্ত করতে হবে। তাহলে একদিন সমাজ থেকে দারিদ্র দুর হয়ে যাবে। মেয়র বিত্তবান সকলকে অসহায় মানুষের পাশে দাঁড়াবার আহবান জনান। ২০ জুন ২০১৭ খ্রি. দুপুরে নগর ভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে স্বেচ্ছাসেবী সংগঠন তারুন্যের ঈদ সামগ্রী ও ঈদ বস্ত্র বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মাননীয়

মেয়র এসব কথা বলেন। সংগঠনের সভাপতি আবদুর রশিদ লোকমান এতে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের নির্বাহী কমিটির সদস্য সাইফুদ্দিন খালেদ বাহার, চট্টগ্রাম প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক মহসিন চৌধুরী, কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন। এতে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কাজী আবদুস সাদেক নান্না, সংগঠনের সাধারন সম্পাদক লায়ন নিজাম উদ্দিন, এম এ নেওয়াজ এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন সালাউদ্দিন মামুন, মফিজুর রহমান দুলাল, আশরা উল্লা আদিল, এম এম কামরান চৌধুরী, ওসমান ফারুক বিবলু, এস এম মুন্না শাহ, আইয়ুব চৌধুরী, জয়া চৌধুরী, এস এম মুন্না, আবু নাছের মুন্সি টুটুল, নাসির উদ্দিন, সালাউদ্দিন সাকিব, শাহীন খান, জাহেদ আলম, রাশেদুল ইসলাম, যিশু দাশ, আলাউদ্দিন বাবু, শাহবুদ্দিন সাইফু, ইমরান আরেফিন, তামজিদ কামরান, জিহান চৌধুরী, আকিব রায়হান। পরে মেয়র প্রায় দেড় শতাধিক এতিমদের হাতে ঈদ সামগ্রী ও বস্ত্র তুলে দেন।

২০ জুন ২০১৭ খ্রি.

নাসিরাবাদ অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের নবগঠিত কমিটির প্রথম সভা অনুষ্ঠিত

নাসিরাবাদ অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের নবগঠিত কমিটির প্রথম সভা ২০ জুন ২০১৭ খ্রি. মঙ্গলবার, দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে কমিটির সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অত্র বিদ্যালয়ের নির্মাণাধীন বহুতল ভবনের কাজের গুনগত মান বজায় রেখে ভবন নির্মাণ কাজ দ্রুততম সময়ে শেষ করা, অত্র বিদ্যালয়ের শিক্ষার মান আরো বৃদ্ধি করা, শিক্ষকদের পাঠদানে আরো বেশি মনোযোগী হওয়ার নির্দেশনা দেন সভাপতি আ জ ম নাছির উদ্দীন। সভায় বিগত সভার কার্যবিবরনী অনুমোদন এবং আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় কমিটির সদস্য সচিব অত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক লিলি বড়-য়া, কমটির সদস্য মো. এহছানুজ্জামান, দিল আফরোজ চৌধুরী, মো. শাহআলম, সৈয়দ সাহরিয়ার পারভেজ ও শিপ্তি মহাজন উপস্থিত ছিলেন।

২০ জুন ২০১৭ খ্রি.

চসিক ভ্রাম্যমান আদালত পরিচালিত

২০ জুন ২০১৭ খ্রি. মঙ্গলবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে নগরীর কোতোয়ালী থানাধীন সাধু মিষ্টি ভান্ডারে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে মিষ্টি তৈরি ও রাখার দায়ে সাধু মিষ্টি ভান্ডার এর মালিককে ৫০ হাজার টাকা ও ডবলমুরিং থানাধীন মনসুরাবাদস্থ রুপসা ফুড প্রোডাক্টস এ অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশ, পণ্যের গায়ে এবং খাদ্যে ব্যবহৃত রংঙের কৌটায় তৈরি এবং মেয়াদ উর্ত্তীণ কোন তারিখ না থাকায় রুপসা ফুড প্রোডাক্টসকে ৫০ হাজার টাকা সহ সর্বমোট ১ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে স্যানিটারী ইন্সপেক্টর সহ সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

২০ জুন ২০১৭ খ্রি.

কাউন্সিলর জহর লাল হাজারীর নিজস্ব অর্থায়নে ইফতার সামগ্রী বিতরন অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, দুস্থ ও হতদরিদ্র সকলকে নিজের পায়ে দাড়াতে হবে। পর নির্ভরশীলতা থেকে নিজেদের উত্তরন ঘটিয়ে স্বাবলম্বি হওয়ার পন্থা বের করতে হবে। মেয়র বলেন, সন্তানদের উপযুক্ত মানুষ হিসেবে গড়ে তোলা গেলে ধীরে ধীরে দারিদ্র দুর হবে। আল্লাহর উপর ভরসা করে কর্মের মাধ্যমে জীবনের উন্নয়নের পথ বের করতে হবে। সাধনা থাকলে কোন কিছুই বৃথা যায় না। ২০ জুন ২০১৭ খ্রি. মঙ্গলবার, বিকেলে আনসার ক্লাব ৩২নং ওয়ার্ড অফিসে কাউন্সিলর জহর লাল হাজারীর নিজস্ব অর্থায়নে রোজাদার দুঃস্থদের মাঝে দেড় টন চাউল সহ ইফতার সামগ্রী বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র আ জ

ম নাছির উদ্দীন এ সব কথা বলেন। ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী এতে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উত্তর জেলা মহিলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদীকা এড. বাসন্তী প্রভা পালিত, মহানগর আওয়ামীলীগ নেতা মো. বেলাল আহমদ, রফিকুল ইসলাম বাচ্চু, নওশাদ আলী, প্রতাপ চৌধুরী, বলরাম চক্রবর্তী, ছাত্রলীগ নেতা রুবেল, ইমরান জুয়েল, ফয়সাল বাপ্পী, মো. রনি হোসেন ও মো. রানাসহ অন্যরা। অনুষ্ঠান পরিচালনা করেন রতন আচার্য্য।

পরে মেয়র আ জ ম নাছির উদ্দীন রোজাদার দুঃস্থ গরীব ৫শত জনের মধ্যে ইফতার সামগ্রী তুলে দেন।

২০ জুন ২০১৭ খ্রি.

২০ নং দেওয়ান বাজার ওয়ার্ডের ঘাট ফরহাদবেগ এলাকায় মনিন্দ্রমাঝির পাহাড় ধস-এ ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা দিলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

সম্প্রতি ভারি বর্ষনে চট্টগ্রাম নগরীর ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ডের ঘাট ফরহাদবেগ এলাকায় মনিন্দ্রমাঝির পাহাড় ধস-এ ক্ষতিগ্রস্তদের গত ১৮ জুন ২০১৭ খ্রি. সকালে সরেজমিনে দেখতে যান সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। মেয়র ক্ষতিগ্রস্তদের সাথে সাক্ষাত করেন এবং শান্তনা দেন। এসময় তিনি তাদের হাতে তাঁর নিজ তহবিল থেকে আর্থিক সহায়তা তুলে দেন। ক্ষতিগ্রস্ত দেয়াল সিটি কর্পোরেশনের অর্থায়নে নির্মাণ করে দেয়ার জন্য মেয়র প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। ক্ষতিগ্রস্তদের উদ্দেশ্যে মেয়র বলেন, প্রাকৃতিক দূর্যোগের সাথে মোকাবেলা করেই জীবন ধারন করতে হবে। কারন এ দূর্যোগে কারো হাত নেই। তিনি ক্ষতিগ্রস্ত ২ পরিবারের পূনর্বাসনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা হবে বলে তাদের আশ্বস্থ করেন। এসময় চন্দ্র নাথ বিশ্বাস, সমিরন চৌধুরী, ফুলুনাথ বিশ্বাস, কানু চৌধুরী, ওয়াহিদুজ্জামান, দিপঙ্কর চৌধুরী, গিয়াস উদ্দিন সহ স্থানীয় বাসিন্দা এবং মেয়রের একান্ত সহকারী রায়হান ইউসুফ উপস্থিত ছিলেন।

২০ জুন ২০১৭ খ্রি.

ধনী-দরিদ্রের মধ্যে যাকাত এর মাধ্যমে সেতু বন্ধন সৃষ্টি করেছে পবিত্র ইসলাম শহীদ মেহেদী হাসান বাদল স্মৃতি সংসদ এর ঈদ সামগ্রী ও বস্ত্র বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র

চট্টগ্রাম নগরীর আরেফিন নগরে শহীদ মেহেদী হাসান বাদল স্মৃতি সংসদ এর ঈদ সামগ্রী ও বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন ধনী-দরিদ্রের মধ্যে যাকাত এর মাধ্যমে সেতু বন্ধন সৃষ্টি করেছে পবিত্র ইসলাম। প্রতিবেশির হক ধনিদের উপর ধার্য্য করেছে ইসলাম। তিনি ইসলামের বিধি বিধান অনুসরন করে গরীব দুঃখিদের পাশে দাড়াবার আহবান জানান। ১৯ জুন ২০১৭ খ্রি. সোমবার, সকালে অনুষ্ঠিত ঈদ সামগ্রী ও বস্ত্র বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম মহানগর আওয়ামীযুবলীগ নেতা এ এম মহিউদ্দিন। বাংলা বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি জসিম উদ্দিনের উপস্থাপনায় অনুষ্ঠানে ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, ২নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ফরিদ আহমদ চৌধুরী, বীরমুক্তিযোদ্ধা জালাল উদ্দিন মুন্সি, ডা. রফিক উদ্দিন, মো. ইউসুফ, দিদারুল আলম চৌধুরী, মিল্টন বড়-য়া, রেদওয়ান আহমদ লেদু, মোহাম্মদ সোহেল, আশরাফুল ইসলাম, মোরশেদ আলম, আলী হোসেন রাসেল, শরীফ হোসেন, নুরুল হক মনির, আলিফ ইসলাম, আবদুল ওয়াহাব, রেজাতুল করিম, হাসান মাসুদ, ইয়াসিন আরাফাত বাপ্পী সহ অন্যরা বক্তব্য রাখেন। অনুষ্ঠান শেষে ৪ শত গরীব দুঃস্থদের মাঝে ঈদবস্ত্র তুলে দেন প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

২০ জুন ২০১৭ খ্রি.

ওয়াটার এইড এর অর্থায়নে ডিএসকে' র পিহাপ প্রকল্প 'নগর ভিত্তিক প্রকল্পসমাপ্তিকরণ সভায়" মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

ওয়াটার এইড এর অর্থায়নে ডিএসকে' র মাধ্যমে পিহাপ প্রকল্প 'নগর ভিত্তিক প্রকল্পসমাপ্তিকরণ সভা" ১৯ জুন ২০১৭ খ্রি. সোমবার, দুপুরে নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় পিহাপ প্রকল্প নভেম্বর ২০১১ থেকে জুন ২০১৭ পর্যন্ত ১৩ কোটি টাকা ব্যয়ে

চট্টগ্রাম নগরীর ১৭টি ওয়ার্ডে ৪৬টি বস্তিতে সুপেয় পানির ব্যবস্থা, ওয়াটার পয়েন্ট, টিউবওয়েল, সেনিটেশান, ফুটপাত নির্মাণ, ড্রেনেজ ব্যবস্থা এবং হাইজিন প্রমোশন সহ বহুমুখী কর্মকান্ড সংগঠিত হয়েছে। এ সকল কর্মকান্ডে সংশ্লিষ্টদের উপস্থিতিতে নগর ভিত্তিক প্রকল্পসমাপ্তিকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে বিশেষ অতিথি ছিলেন ওয়াটার এইড বাংলাদেশের হেড অব প্রোগ্রাম আফতাব অপেল, চট্টগ্রাম ওয়াসার তত্ত্বাবধায়ক প্রকৌশলী এ কে এম নজরুল হক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান নগর পরিকল্পনাবিদ শাহিনুর ইসলাম খান। সুবিধাভোগীদের পক্ষথেকে বক্তব্য রাখেন কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু, কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর শফিউল আলম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফারজানা পারভীন। সভায় সভাপতিত্ব করেন ডিএসকে যুগ্ম পরিচালক আবদুল হাকিম। আরো বক্তব্য রাখেন সিভিও প্রতিনিধি আনোয়ার হোসেন ও লিপি আক্তার । স্বাগত বক্তব্য রাখেন ডিএসকে’র প্রকল্প ব্যবস্থাপক মো. খতিবর রহমান। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন ডিএসকে’র এডভোকেসির কর্মকর্তা আরেফাতুন জান্নাত। সভার শুরুতে পিহাপ প্রকল্পের বিস্তারিত তথ্য উপাত্ত তুলে ধরা হয়। সভার সভাপতি সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, স্বাধীন দেশের নাগরিক হিসেবে সকলের হাতকে কর্মীর হাতে পরিনত করতে পারলেই স্বাধীনতার সুফল ভোগ করা যাবে। সকলে মিলে উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে হবে। মেয়র ওয়াটার এইড এর অর্থায়নে ডিএসকে’র মাধ্যমে বিগত ৫ বছর যাবত নানামুখী উন্নয়ন কাজে সংশ্লিষ্টদের আরো তৎপর হয়ে উন্নয়নকে আরো বেগবান করার লক্ষে স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাওয়ার আহবান জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা